

Official Spokesperson's response to media queries regarding the vandalization of the Statue of Maharaja Ranjit Singh in Lahore

August 17, 2021

লাহোরে মহারাজা রঞ্জিত সিংহ -র মূর্তির উপরে বর্বরতার প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া অগাস্ট 17, 2021

লাহোরে মহারাজা রঞ্জিত সিংহ -র মূর্তির উপরে বর্বরতার প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি তার প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেছেন, " আজ লাহোরে মহারাজা রঞ্জিত সিং-এর মূর্তির উপরে বর্বরতার বিষয়ে একটি অশান্তিকর প্রতিবেদন আমরা দেখেছি। 2019 সালে মূর্তি উন্মোচন হবার পরে এই নিয়ে তৃতীয়বার এই ধরনের বর্বরতা ঘটনা ঘটল।

পাকিস্তানে সংখ্যালঘু সম্প্রদায়ের সাংস্কৃতিক ঐতিহ্যের উপরে এই ধরনের আক্রমণ পাকিস্তান সমাজে সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতি ক্রমবর্ধমান অসহনীয়তা এবং অসম্মান প্রদর্শনকে সামনে তুলে ধরে।

সংখ্যালঘুদের প্রার্থনা স্থল , তাদের সাংস্কৃতিক ঐতিহ্য সহ, সেই সাথে তাদের ব্যক্তিগত সম্পত্তির উপরে হিংসাত্মক আক্রমণের ঘটনা আশংকাজনক ভাবে বেড়ে চলেছে। মাত্র বারোদিন আগে একদল জনতা পাকিস্তানের রহিম জার খান-এ একটি হিন্দু মন্দিরের উপরে আক্রমণ হেনেছে এবং মন্দির স্থল অপবিত্র করেছে।

পাকিস্তান কতৃপক্ষ এই ধরনের আক্রমণকে প্রতিহত করার জন্য তাদের কর্তব্য পালন করতে সম্পূর্ণ রূপে অসমর্থ হয়েছে। এটি সংখ্যালঘু সম্প্রদায়কে তাদের ধর্মীয় বিশ্বাস পালন করার ক্ষেত্রে একটি ভয়ের বাতাবরণ তৈরি করেছে।

আমরা পাকিস্তান সরকারকে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা, সুরক্ষা এবং কুশলতাকে সুনিশ্চিত করার কথা বলেছি।"

নিউ দিল্লি

অগাস্ট17,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release